**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল**
**লালমনিরহাট সদর, লালমনিরহাট।**
**dls.sadar.lalmonirhat.gov.bd**

**প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের আওতায় প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী/২০২৪ বাস্তবায়ন কমিটির প্রস্তুতি সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব মো: এ বি এম আরিফুল হক, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), সদর, লালমনিরহাট।
তারিখ : ০৮/০৪/২০২৪ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, সদর, লালমনিরহাট।

অদ্য সকাল ১১:০০ ঘটিকায় জনাব মো: এ বি এম আরিফুল হক, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) , সদর, লালমনিরহাট মহোদয়ের সভাপতিত্বে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের আওতায় প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২৪খ্রি: উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতি সভা সভাপতি মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় । সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভার কার্যক্রম পরিচালনার জন্য কমিটির সদস্য সচিব উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানান। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হল।

প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২৪ বাস্তবায়ন কমিটির সদস্য সচিব জনাব ডা.মো: আব্দুস সামাদ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা , উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদর, লালমনিরহাট জানান যে, আগামী ১৮ এপ্রিল/২০২৪ খ্রি: তারিখ বৃহস্পতিবার সারাদেশে উপজেলা পর্যায়ে একযোগে প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২৪ অনুষ্ঠিত হতে যাচ্ছে। প্রাণিসম্পদ প্রদর্শনীর সামগ্রিক লক্ষ্য হল প্রাণিসম্পদের উন্নয়ন বৃদ্ধি, দুগ্ধজাত পণ্যের বাজার সৃষ্টি, ক্ষুদ্র খামারী ও উদ্যোক্তা সৃষ্টি, জনসাধারণকে উন্নত জাতের প্রাণি ও হাঁসমুরগী প্রদর্শন করা, উন্নত জাতের পশু-পাখি পালনের আধুনিক ব্যবস্থাপনা বিষয়ে এবং জনসাধারণের নিরাপদ প্রাণীজ আমিষ সরবরাহ নিশ্চিত করা। উক্ত প্রদর্শনীতে ৫০ টি স্টলে উন্নত জাতের গাভী, ষাড়, বকনা, বাছুর, ছাগল, ভেড়া, মহিষ, হাঁস-মুরগি, টার্কি, ঘোড়া, পোষা প্রাণি, প্রাণিসম্পদ প্রযুক্তি, খাদ্য উপকরণ, প্রয়োজনীয় ঔষধ ও ভ্যক্সিন, প্রাণিজাত পণ্য ইত্যাদি প্রদর্শন ও অংশগ্রহণকারীদের স্টল মূল্যায়ন করে ক্যাটাগরী ভিত্তিক ১ম, ২য়, ৩য় ও বিশেষ পুরস্কার প্রদানের নির্দেশনা আছে। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে উন্মুক্ত আলোচনা করার আহবান জানান। বিস্তারিত আলোচনাক্রমে প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২৪ আয়োজন ও সফল বাস্তবায়নের সুবিধার্থে উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | প্রচার ও মূদ্রণ উপ-কমিটি | **সভায় প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২৪ বাস্তবায়নের জন্য নিম্নরূপভাবে উপ-কমিটি গঠন করা হয়:**<br>প্রচার ও মূদ্রণ উপ-কমিটি: (ব্যানার ও কার্ড তৈরী এবং মাইকিং)<br>১। ডা. মো: আব্দুস সামাদ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদর, লালমনিরহাট।<br>২। মো: আব্দুর রশিদ, ভিএফএ, সদর, লালমনিরহাট। | প্রচার ও মূদ্রণ উপ-কমিটি |
| ০২. | সাজসজ্জা স্টল বরাদ্দ ও খাবার ক্রয় কোটেশন উপ-কমিটি | **সাজসজ্জা স্টল বরাদ্দ ও খাবার ক্রয় কোটেশন উপ-কমিটি:**<br>**(ডেকোরেশন, স্টেজ ও লে আউট এবং নাস্তা ও খাবার ক্রয়)**<br>১। মো: হাসিনুর রহমান, উপজেলা কৃষি কর্মকর্তা, সদর, লালমনিরহাট।<br>২। মাজনুন্নাহার মায়া, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর, লালমনিরহাট।<br>৩। মোছা: শাহনাজ পারভীন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সদর, লালমনিরহাট।<br>৪। আফরুখতা হুরে রোকসানী কান্তা, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, সদর, লালমনিরহাট। | সাজসজ্জা স্টল বরাদ্দ ও কোটেশন উপ-কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ০৩. | খামারী বিচার ও মূল্যায়ন উপ-কমিটি<br><br>পুরস্কারের অর্থ প্রদান | **খামারী বিচার ও মূল্যায়ন উপ-কমিটিঃ**<br>১। জনাব মাজনুন্নাহার মায়া, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর, লালমনিরহাট।<br>২। মোঃ রিয়াজুল হক, উপজেলা সমবায় অফিসার, সদর, লালমনিরহাট<br>৩। আফরুখতা হুরে রোকসানী কান্তা, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, সদর, লালমনিরহাট<br><br>উপরোক্ত কমিটির সদস্যগণ স্টল সরেজমিনে পরিদর্শন করে ০৮ (আট) ক্যাটাগরীতে মূল্যায়ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**ক্যাটাগরির নিন্মরুপঃ**<br>১. উন্নত জাতের গাভী<br>২. উন্নত জাতের মহিষ<br>৩. উন্নত জাতের ছাগল/ ভেড়া<br>৪. উন্নত জাতের পোল্ট্রি প্রদর্শনী<br>৫. হাঁস/ টার্কি/ তিমির/ কবুতর/ কোয়েল ও অন্যান্য বিশেষায়িত পাখি।<br>৬. প্রাণিজাত পণ্য প্রদর্শনী<br>৭. উন্নত প্রাণিসম্পদ বিষয়ক প্রযুক্তি ও উপকরণ প্রদর্শনী<br>৮. বিশেষ ও অন্যান্য পুরস্কার<br>উপরোক্ত ০৮ (সাত) ক্যাটাগরীতে স্টল মূল্যায়ন পূর্বক ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী ও যেসব ক্যাটাগরী অংশগ্রহণকারী অধিক থাকবে সেক্ষেত্রে ৪র্থ ও ৫ম পুরস্কার প্রদান করে খামারীদের উৎসাহিত করার জন্য সভায় সর্বসন্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়<br><br>গত বারের অভিজ্ঞতায় দেখা গেছে বিজয়ীদের পুরস্কার ক্রস চেকের মাধ্যমে দেয়ার নির্দেশনা থাকলেও কিছু খামারীর নিজস্ব একাউন্ট না থাকায় পরিবারের অন্য সদস্যের নামে ক্রস চেক দেয়ার সিদ্ধান্ত হয়। | খামারী বিচার ও মূল্যায়ন উপ-কমিটি |
| ০৪ | আইনশৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষা বিষয়ক উপ-কমিটি | **আইনশৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষা বিষয়ক উপ-কমিটিঃ**<br>১। প্রনয় অধিকারী, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সদর, লালমনিরহাট।<br>২। মোঃ এরশাদুল আলম, অফিসার ইন চার্জ, লালমনিরহাট সদর থানা, লালমনিরহাট। | আইনশৃংখলা ও নিরাপত্তা রক্ষা বিষয়ক উপ-কমিটি |
| ০৫. | আপ্যায়ন বিষয়ক উপ-কমিটি | **আপ্যায়ন বিষয়ক উপ-কমিটিঃ**<br>১। আফরুখতা হুরে রোকসানী কান্তা, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, সদর, লালমনিরহাট।<br>২। গিরিশ চন্দ্র বর্মণ, এসএএলও, সদর, লালমনিরহাট।<br>৩। সামসুজ্জামান বসুনিয়া, এসএএলও, সদর, লালমনিরহাট। | আপ্যায়ন বিষয়ক উপ-কমিটি |
| ০৬. | সার্বিক তত্ত্বধান ও পরিদর্শন উপ-কমিটি | **সার্বিক তত্ত্বধান ও পরিদর্শন উপ-কমিটি**<br>১। ডা. মোঃ আব্দুস সামাদ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদর, লালমনিরহাট।<br>২। গিরিশ চন্দ্র বর্মণ, এসএএলও, সদর, লালমনিরহাট। | সার্বিক তত্ত্বধান ও পরিদর্শন উপ-কমিটি |
| ০৭ | পরিচ্ছন্ন ও বর্জ্য ব্যবস্থাপনা উপ-কমিটি | **পরিচ্ছন্ন ও বর্জ্য ব্যবস্থাপনা উপ-কমিটি :**<br>১। কৃষ্ণ কমল রায়, এলএফএ, সদর, লালমনিরহাট।<br>২। আবুল হাসনাত রাজিব, এলএফএ, সদর, লালমনিরহাট। | পরিচ্ছন্ন ও বর্জ্য ব্যবস্থাপনা উপ-কমিটি |

সভাপতি মহোদয় প্রাণিসম্পদ প্রদর্শনী /২০২৪ উদযাপন ও বাস্তবায়নের জন্য স্ব স্ব অবস্থান থেকে সহযোগিতা করার জন্য সকলকে আহ্বান জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

জনাব মোঃ এ বি এম আরিফুল হক
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ও
সভাপতি
প্রাণিসম্পদ প্রদর্শনী/২৪ বাস্তবায়ন কমিটি
সদর, লালমনিরহাট।